গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সারিয়াকান্দি,বগুড়া ।

স্মারক নং-০৫.৫০.১০৮১.০০০.১৪.০০৩.২০২১- ৫৫

০৩ মাঘ ১৪২৭
তারিখ ঃ
১৭ জানুয়ারি ২০২১

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারিয়াকান্দি উপজেলাধীন নিম্ন উল্লিখিত হাট-বাজার সমূহ বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষ্যে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচী মোতাবেক জেলা প্রশাসক, বগুড়া, সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সংক্রান্ত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) জেলা প্রশাসক, বগুড়া; সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া; সোনালী ব্যাংক,সারিয়াকান্দি শাখা; সারিয়াকান্দি থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন ক্রয় করা যাবে। ক্যালেন্ডারে বর্ণিত যে তারিখে দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে পরবর্তী তারিখের জন্য ঐ সিডিউল ব্যবহার করা যাবে না।

### হাট-বাজারের তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ফুলবাড়ী | ফুলবাড়ী হাট | ১২,৯৪,৫০০/- | ৩২০০/- |
| ০২ | ঐ | রামচন্দ্রপুর হাট | ১,৯৮,৮৮৯/- | ১০০০/- |
| ০৩ | ঐ | ছাগলধরা হাট | ৮,৮১০/- | ৫০০/- |
| ০৪ | কামালপুর | কড়িতলা হাট | ৫,৮০,০১৪/- | ১৮০০/- |
| ০৫ | ঐ | দড়িপাড়া হাট | ২৩,৯২১/- | ৫০০/- |
| ০৬ | ঐ | রৌহাদহ মধ্যপাড়া হাট | ৩,২২৭/- | ৫০০/- |
| ০৭ | কুতুবপুর | কুতুবপুর হাট | ২,০৩,৫২০/- | ১২০০/- |
| ০৮ | ঐ | দেবডাংগা হাট | ৪৮,৮০৮/- | ৫০০/- |
| ০৯ | কর্ণিবাড়ী | মথুরাপাড়া হাট | ১০,২০,৮৮৬/- | ২৮০০/- |
| ১০ | ঐ | ডাকাতমারা (ছনপচা) হাট | ৮৮৩/- | ৫০০/- |
| ১১ | হাটশেরপুর | খোর্দ্দবলাইল হাট | ৬৫,০৭৩/- | ৫০০/- |
| ১২ | ঐ | নিজবলাইল হাট | ২৮,২৮৫/- | ৫০০/- |
| ১৩ | বোহাইল | বোহাইল হাট | ৫১,৬০৪/- | ৫০০/- |
| ১৪ | ভেলাবাড়ী | জোড়গাছা হাট | ১২,১০,৫৩৩/- | ৩,২০০/- |

### দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | ১০/০২/২০২১ | ১১/০২/২০২১ | সকাল ১০:০০ হতে বিকাল ২:০০ পর্যন্ত | বিকাল ৩:৩০ |
| ২য় বার | ০১/০৩/২০২১ | ০২/০৩/২০২১ | সকাল ১০:০০ হতে বিকাল ২:০০ পর্যন্ত | বিকাল ৩:৩০ |
| ৩য় বার | ১৫/০৩/২০২১ | ১৬/০৩/২০২১ | সকাল ১০:০০ হতে বিকাল ২:০০ পর্যন্ত | বিকাল ৩:৩০ |
| ৪র্থ বার | ৩০/০৩/২০২১ | ৩১/০৩/২০২১ | সকাল ১০:০০ হতে বিকাল ২:০০ পর্যন্ত | বিকাল ৩:৩০ |
| ৫ম বার | ০৭/০৪/২০২১ | ০৮/০৪/২০২১ | সকাল ১০:০০ হতে বিকাল ২:০০ পর্যন্ত | বিকাল ৩:৩০ |

উল্লেখ্য যে, দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট(বিডি)/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। দরপত্র গৃহীত হবার পর অফার লেটার প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ৫% হারে আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। ১ম বারে কোন হাটের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২য় বারে ঐ হাটের দরপত্র (পুনঃ দরপত্র দাখিল) বাদ বলে গণ্য হবে। তেমনি ২য় বারের ক্ষেত্রে ৩য় বারে, ৩য় বারের ক্ষেত্রে ৪র্থ বারে (ধারাবাহিক ভাবে) বাদ হয়েছে বলে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্যাবলী অত্রাফিস হতে অফিস চলাকালীন জানা যাবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭/০১/২১

(মো: রাসেল মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
সারিয়াকান্দি, বগুড়া।
টেলিফোন: ০৫০২৮-৫৬২০২

০৩ মাঘ ১৪২৭

স্মারক নং-০৫.৫০.১০৮১.০০০.১৪.০০৩.২০২১- ৫৫(১০০) তারিখ ঃ ---------------------

১৭ জানুয়ারি ২০২১

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)ঃ

০১. জেলা প্রশাসক, বগুড়া।

০২. পুলিশ সুপার, বগুড়া।

০৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।

০৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), বগুড়া।

০৫. উপজেলা নির্বাহী অফিসার................................................(সকল), বগুড়া।

০৬. মেয়র, সারিয়াকান্দি পৌরসভা।

০৭. সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া। (তাকে অত্র বিজ্ঞপ্তিটি সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক জারী অন্তে প্রতিবেদন ৭ (সাত) দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সারিয়াকান্দি থানা, বগুড়া।

০৯. উপজেলা................................................কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া । (তাকে তার অফিসের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১০. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ। (তাকে তার এলাকায় হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১১. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....................(সকল),ইউনিয়ন ভূমি অফিস। (তাকে তার এলাকার হাট-বাজারে বহুল প্রচারের পর প্রতিবেদন সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া এর মাধ্যমে অত্র কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো)।

১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, সারিয়াকান্দি শাখা।

১৩. সম্পাদক, --------------------------, বগুড়া। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১ (এক) দিনের জন্য প্রচার অন্তে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১৪. ইজারাদার..............................হাট-বাজার। তাকে ৩০ চৈত্র ১৪২৭ বাংলা তারিখের মধ্যে হাটের দখল নিম্নস্বাক্ষরকারীর বরাবর ছেড়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১৫. নোটিশ বোর্ড।

(মো: রাসেল মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
সারিয়াকান্দি, বগুড়া।
টেলিফোন: ০৫০২৮-৫৬২০২
unosariakandi@mopa.gov.bd